৬০

দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 APR 1998
পৃষ্ঠা ৮২ কলাম ৭ .....

# ফাঁস হওয়া প্রশ্ন দিয়ে পরীক্ষা গ্রহণ অব্যাহত

**স্টাফ রিপোর্টার ঃ** চলতি এসএসসি পরীক্ষার সকল প্রশ্নে 'ক' এবং 'খ' উভয় সেট ফাঁস হয়ে যাওয়ার খবর উৎঘাটিত হলেও গতকাল (বৃহস্পতিবার) ফাঁস প্রশ্ন দিয়েই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সাথে জড়িত বিজি প্রেসের ১০ জন কর্মচারীকে পুলিশ গ্রেফতার করেছে এবং সকল পরীক্ষার 'ক' ও 'খ' সেট প্রশ্নপত্র ফাঁস হওয়ার খবর উদঘাটিত হয়েছে।

গতকাল সকালের পরীক্ষা ছিল কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি এবং বিকেলের পরীক্ষা ছিল পুরান সিলেবাসের কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য বিজ্ঞান।

গতকালের পরীক্ষা চালাকালীন ৫ বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৩ শতাধিক পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়েছে বলে খবর পাওয়া গেছে।

আগামীকাল (শনিবার) চলতি এসএসসি পরীক্ষার সবচেয়ে কঠিন বিষয় অংক পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকালে হবে নতুন সিলেবাসে, বিকেলে হবে পুরান সিলেবাসে। নতুন সিলেবাসের পরীক্ষার্থীরা তাদের অংক পরীক্ষা নিয়ে দারুণ উৎকণ্ঠার মধ্য দিয়ে সময় অতিবাহিত করছে। শিক্ষক ও অভিভাবক মহলও এ বিষয়ে উৎকণ্ঠিত।